দৈনিক ইত্তেফাক

তারিখ ..26 JAN 2008...
পৃষ্ঠা ৪ কলাম ৭

# 82 Report

# বেসরকারি প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণ দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ অবিলম্বে তাদের চাকরি জাতীয়করণের দাবি জানিয়েছেন। বুধবার তোপখানা রোডে সংগঠনের প্রধান কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়। নেতৃবৃন্দ বলেন, দীর্ঘ ১৪ বছর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা চাকরি জাতীয়করণের দাবি জানালেও কোন সরকারই বিষয়টির প্রতি গুরুত্ব দেয়নি। নেতৃবৃন্দ বলেন, তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতাগ্রহণের পর প্রাথমিক শিক্ষকদের পক্ষ থেকে একদফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে প্রধান উপদেষ্টা, প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা এবং সচিব বরাবর স্মারকলিপি প্রদান করা হয়। কিন্তু এক বছর অতিবাহিত হলেও সরকার এ ব্যাপারে কোন কার্যকর ব্যবস্থা নেয়নি। সম্মেলনে নেতৃবৃন্দ আরো জানান, ২৪ হাজার শিক্ষকের বেতন বন্ধের লক্ষ্যে সরকার একটি পরিপত্র জারি করে দক্ষতা নিরূপণের পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে, যা অমানবিক।

২০০৭-০৮ অর্থ বছরে বাজেটে শিক্ষাখাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ও পরিকল্পনা গ্রহণের দাবি জানিয়ে নেতৃবৃন্দ ১ ফেব্রুয়ারি থেকে মাসব্যাপী কর্মসূচির কথা ঘোষণা করে। এরমধ্যে রয়েছে প্রধান উপদেষ্টা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টার নিকট স্মারকলিপি পেশ এবং দক্ষতা নিরূপণ পরীক্ষা বাতিলের দাবিতে প্রতিষ্ঠান চলাকালীন সময়ে কালোব্যাজ ধারণ। সাংবাদিক সম্মেলনে সংগঠনের সভাপতি মোহাম্মদ সামসুল আলম, মহাসচিব মৃগেন্দ্র মোহন সাহা, সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।